গাংনীতে টেকসই তুলা উন্নয়নে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত

গাংনীতে টেকসই তুলা উন্নয়ন প্রকল্পের উদ্যোগে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (২৯ নভেম্বর) বিকেল ৩টার দিকে উপজেলার চর-গোয়ালগ্রাম গ্রামের সাহেবের আমবাগানে এই কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

টিএমএসএস আইইএস সেক্টর-এর বাস্তবায়নে প্রাইমার্ক, কটন কানেক্টের অর্থায়নে এবং তূলা উন্নয়ন বোর্ড এর সহযোগিতায় তুলা চাষিদের অংশগ্রহণে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

কৃষক মাঠ দিবসের আলোচনা সভায় চর-গোয়ালগ্রামের তুলা চাষী শহিদুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন প্রধান তুলা উন্নয়ন কর্মকতার্ সেন দেবাশীষ।

ফিল্ড এক্সিকিউটিভ মঈনূল ইসলাম কাজলের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বামন্দী কটন ইউনিট অফিসার আহম্মদ হোসেন, খলিসাকুন্ডি কটন ইউনিট অফিসার (ভারপ্রাপ্ত) আব্দুল্লাহ আল মামুন, উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুনের বিশেষ প্রতিনিধি উপ সহকারী কৃষি কর্মকতার্ রাসেল আহম্মেদ ও জিনার প্রতিনিধি (কুষ্টিয়া) রাকিবুল ইসলাম।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, কটন কানেক্টের ফিল্ড এক্সিকিউটিভ সাব্বির আহম্মেদ, রাজু আহম্মেদ ও রেজাউল করীম প্রমুখ।

মাঠ দিবসের আলোচনায় তুলা চাষীদের আর্থ সামাজিক উন্নয়নে করণীয় বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। অন্যান্য চাষের পাশাপাশি লাভজনক তুলা চাষের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করা হয়।

প্রধান অতিথি বলেন, পরিবারের শিক্ষা, স্বাস্থ্য ও পারিবারিক উন্নয়ন নিয়ে তুলা চাষের শুরু থেকে শেষ পর্যন্ত কৃষকদের সাথে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে ফিল্ড এক্সিকিউটিভগণ সব সময় কৃষকদের পাশে থাকে। কৃষকদের তুলা চাষে উদ্বুদ্ধ করতে টিএমএসএস, প্রাইমার্ক-কটন কানেক্ট এর ফিল্ড এক্সিকিউটিভদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানানো হয়।

১৪০/১৫০ জন তুলা চাষীদের অংশ গ্রহনে কৃষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়। আমন্ত্রিত চাষীদের মাঝে প্রাইমার্কের সৌজন্যে একটি করে টি- শাট গেঞ্জি প্রদান করা হয়।